

২০২৩

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-6

(উপন্যাস)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও:  $2 \times 10 = 20$
- ক) 'আমি মরিয়াছিলাম, আমাকে কে বাঁচাইল?'— কে বলেছে? কীভাবে তাকে বাঁচানো হলো?
- খ) প্রসাদপুর কোন জেলার কোন নদীর কাছে অবস্থিত?
- গ) গোবিন্দলাল কীভাবে খুনের মামলা থেকে খালাস পেলেন?
- ঘ) শচীকান্ত কে? সে মন্দিরে কিসের মূর্তি বসিয়েছিল?
- ঙ) 'ঘরে বাইরে' উপন্যাসে বিমলা, নিখিলেশ ও সন্দীপের কটি করে আত্মকথা আছে?
- চ) বিমলার দিদিশাশুড়ির পরিচয় দাও।
- ছ) 'এফিনিটি' বলতে সন্দীপ কী বুঝিয়েছে?

(পরের পাতায়)

- জ) মিস্ গিলাবি কে? তাকে কেন নিখিলেশের বাড়ি ছাড়তে হয়?
- ঝ) মাস্টারমশাই-এর ছেলে কেন বাবার ওপর রাগ করে দেশছাড়া হয়?
- ঞ) নতুনদা থিয়েটারে কী বাজাতো? তার বাড়ি কোথায় ছিল?
- ট) কী জন্য ইন্দ্র কেঁদেছিল?
- ঠ) রাজার ছেলের সঙ্গে শ্রীকান্তের কীভাবে পরিচয়?
- ড) 'এই আমার মাথায় হাত দিয়ে শপথ কর ভাই, আর কখনো এ বাড়িতে আসিস নে' — কে কাকে বলেছে? কেন?
- ঢ) 'আপনি থাকলে মা বড় আনন্দে থাকেন' - কে কাকে বলেছে? তার মা কে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

- ক) বারুণীর পরিচয় দাও। এখানে কী ঘটে?
- খ) 'কিন্তু মনে রাখিও, উপরে দেবতা আছেন' — কে কাকে কী প্রসঙ্গে বলেছে?
- গ) ঘরে বাইরে উপন্যাসে অমূল্যের ভূমিকার গুরুত্ব সম্পর্কে লেখো।
- ঘ) রূপসী না হওয়া সত্ত্বেও বিমলা কী কারণে জমিদার বাড়ির বধু হতে পেরেছিল ব্যাখ্যা করো।
- ঙ) 'এই বিঠৌরা গ্রামের নামটি কেন আমার মনে আছে' — কেন শ্রীকান্ত নামটি ভুলতে পারেনি? সেখানে কী ঘটে?
- চ) 'রাজলক্ষ্মী কাশীতে মরিয়া শিবত্ব লাভ করিল' — কথাটির তাৎপর্য কী?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

- ক) গোবিন্দলাল চরিত্র বিশ্লেষণ করে দেখাও কীভাবে তার উত্তরণ ঘটলো।
- খ) নিখিলেশ ও সন্দীপের মধ্যে কাকে নায়ক বলে তুমি মনে করো? কেন যুক্তি সহ লেখো।
- গ) 'ঘরে বাইরে' উপন্যাসের নামকরণটি কি সার্থক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।
- ঘ) 'শ্রীকান্ত' উপন্যাসের শ্রেণিবিচার করো।